# আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصَص

আয়াতঃ ২৮ : ৩৫

## আরবি মূল আয়াত:

قَالَ سَنَشُدُّ عَضُدَكَ بِاَخِيكَ وَ نَجعَلُ لَكُمَا سُلطٰنًا فَلَا يَصِلُونَ اِلَيكُمَا بِاٰيٰتِنَا اَنتُمَا وَ مَنِ اتَّبَعَكُمَا الغٰلِبُونَ ﴿۳۵﴾

## অনুবাদসমূহ:

আল্লাহ বললেন, 'আমি তোমার ভাইয়ের মাধ্যমে তোমার বাহু শক্তিশালী করব এবং তোমাদের দু'জনকে ক্ষমতা দান করব, ফলে তারা তোমাদের কাছে পৌঁছতে পারবে না। আমার নিদর্শনাবলী দ্বারা তোমরা ও তোমাদের অনুসারীরা বিজয়ী হবে'। — আল-বায়ান

আল্লাহ বললেন- 'আমি তোমার ভ্রাতার মাধ্যমে তোমার হাতকে শক্তিশালী করব এবং তোমাদেরকে প্রমাণপঞ্জি দান করব, যার ফলে তারা তোমাদের কাছে পৌঁছতেই পারবে না। আমার নিদর্শন বলে তোমরা এবং তোমাদের অনুসারীরাই বিজয়ী থাকবে। — তাইসিরুল

(আল্লাহ) বললেনঃ আমি তোমার ভাইয়ের দ্বারা তোমার বাহু শক্তিশালী করব এবং তোমাদের উভয়কে প্রাধান্য দান করব। তারা তোমাদের কাছে পৌঁছতে পারবেনা। তোমরা এবং তোমাদের অনুসারীরা আমার নিদর্শন বলে তাদের উপর প্রবল হবে। — মুজিবুর রহমান

[Allah] said, "We will strengthen your arm through your brother and grant you both supremacy so they will not reach you. [It will be] through Our signs; you and those who follow you will be the predominant." — Sahih International

৩৫. আল্লাহ্ বললেন, অচিরেই আমরা আপনার ভাইয়ের দ্বারা আপনার বাহুকে শক্তিশালী করব এবং আপনাদের উভয়কে প্রাধান্য দান করব। ফলে তারা আপনাদের কাছে পৌছতে পারবে না। আপনারা এবং আপনাদের অনুসারীরা আমাদের নিদর্শন বলে তাদের উপর প্রবল হবেন।

-

তাফসীরে জাকারিয়া

(৩৫) আল্লাহ বললেন, 'আমি তোমার ভাই দ্বারা তোমার বাহু শক্তিশালী করব[1] এবং তোমাদের উভয়কে আধিপত্য দান করব। ওরা তোমাদের নিকট পৌঁছতে পারবে না।[2] তোমরা এবং তোমাদের অনুসারীরা

আমার নিদর্শন বলেই ওদের উপর বিজয়ী হবে।’ [3]

[1] মূসা (আঃ)-এর দু’আ মঞ্জুর করা হল আর তার আশানুরূপ হারূন (আঃ)-কেও নবুঅত প্রদান করে তাঁর সঙ্গী ও সহযোগী বানানো হল।

[2] অর্থাৎ, আমি তোমাদের সুরক্ষা করব। ফিরআউন ও তার সাঙ্গ-পাঙ্গরা তোমাদের কোন ক্ষতি করতে পারবে না।

[3] এটা সেই বিষয় যা কুরআনে বিভিন্ন স্থানে বর্ণিত হয়েছে। যেমন, সূরা মায়িদাহ ৬৭নং, আহযাব ৩৯নং, মুজাদিলাহ ৩১নং, মু’মিন ৫১-৫২নং আয়াত দ্রষ্টব্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3287

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন